ফাতওয়া নাম্বার: ৬০২ প্রকাশকালঃ১৪-১০-২০২৫ ইং

প্রচলিত মাল্টি লেভেল মার্কেটিং পদ্ধতির ব্যবসার বিধান

প্রশ্ন:

একটি কোম্পানি অনলাইন ব্যবসার জন্য একটি এ্যাপ চালাচ্ছে, যেখানে ব্যবহারকারীরা অনলাইনে মাল অর্ডার দিতে পারেন। কোম্পানি কিছু শর্ত দিয়েছে:

১. সাবস্ক্রিপশন ফি দিতে হবে ২,০০০ টাকা।

২. রেফার কোড ব্যবহার করে অ্যাকাউন্ট খোলা আবশ্যক; অন্যথায় অ্যাকাউন্ট খোলা যাবে না।

৩. সাবস্ক্রিপশন ফি দিয়ে পণ্য অর্ডার করলে কিছু টাকা (২০-৫০ টাকা) ছাড় বা ক্যাশব্যাক পাওয়া যায়।

৪. রেফারের মাধ্যমে নতুন সদস্য আসলে, তাদের অ্যাকাউন্ট থেকে রেফারকে কিছু অর্থ যোগ হয়।

৫. ২০,০০০ সাবস্ক্রিপশন সম্পন্ন হলে, কোম্পানি প্রতিদিন কোনো কাজ না করেও ১০ টাকা দিয়ে চলবে যতদিন কোম্পানি থাকবে।

আমার জানার বিষয় হলো-এ পদ্ধতির অনলাইন ব্যবসার হুকুম কী?

নাম: আবু মুহাম্মাদ

উত্তর:

এজাতীয় এমএলএম তথা মাল্টি লেভেল মার্কেটিং পদ্ধতির ব্যবসাগুলো শরীয়তের দৃষ্টিতে ধোঁকা, অস্পষ্টতা, এক চুক্তিতে অনেক চুক্তির অন্তর্ভুক্তি, 'আকল বিলবাতিল ' তথা অন্যায়ভাবে সম্পদ গ্রাসসহ নানান কারণে নাজায়েয। এ পর্যন্ত বাংলাদেশে অনলাইনে কিংবা অফলাইনে এ পদ্ধতির যত কোম্পানি এসেছে, আমাদের জানামতে সবগুলোই মানুষকে প্রতারিত করে অর্থ আত্মসাত করে মার্কেট থেকে উধাও হয়ে গেছে, না হয় মামলা মোকদ্দমা খেয়ে দণ্ডিত হয়েছে। এমন পরীক্ষিত প্রতারণার ফাঁদে বার বার পা দেয়া শুধু একজন মুসলিমই নয়; বরং একজন সচেতন নাগরিকের জন্যও বোকামি। -আহকামুল কুরআন: ৩/১২৭; সহীহ মুসলিম, হাদীস: ১৫১৩; ফিকহুল বুয়ূ: ২/৮১২-৮১৫

বিস্তারিত জানার জন্য মাসিক আল-কাউসারে তিন কিস্তিতে প্রকাশিত মাল্টিলেভেল সম্পর্কিত প্রবন্ধটি দেখুন:

মাল্টিলেভেল মার্কেটিং-১:

https://www.alkawsar.com/bn/article/520/

মাল্টিলেভেল মার্কেটিং-২:

https://www.alkawsar.com/bn/article/544/

মাল্টিলেভেল মার্কেটিং-৩:

https://www.alkawsar.com/bn/article/570/

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২১-০৪-১৪৪৭ হি.

১৪-১০-২০২৫